# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৫৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৫. হায়িযগ্রস্ত মহিলা তার পরিধেয় কাপড় পবিত্র করে সেই কাপড়েই সালাত আদায় করতে পারবে

بَاب الْمَرْأَةِ الْحَائِضِ تُصَلِّي فِي ثَوْبِهَا إِذَا طَهُرَتْ

## আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ الرَّبِيعِ عَنْ عَلِيِّ بْنِ الْمُبَارَكِ قَالَ سَمِعْتُ كَرِيمَةَ قَالَتْ سَمِعْتُ عَائِشَةَ وَسَأَلَتْهَا امْرَأَةٌ فَقَالَتْ الْمَرْأَةُ يُصِيبُ ثَوْبَهَا مِنْ دَمِ حِيضَتِهَا فَقَالَتْ لِتَغْسِلْهُ بِالْمَاءِ قَالَتْ فَإِنَّا نَغْسِلُهُ فَيَبْقَى أَثَرُهُ قَالَتْ إِنَّ الْمَاءَ طَهُورٌ

## বাংলা

১০৫৪. কারীমাহ বলেন, আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে বলতে শুনেছি... এবং আমি তাকে জিজ্ঞেস করলাম: এক মহিলার কাপড়ে তার হায়েযের রক্ত লেগে গেলে (সে কী করবে)? তিনি বললেন: সে যেন তা পানি দিয়ে ধুয়ে ফেলে। সে মহিলা বলল, আমরা তো তা ধুয়ে ফেলি, কিন্তু তার দাগ যে থেকে যায়? তিনি বলেন: নিশ্চয়ই পানি পবিত্রকারী।’[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১/১৯৮; আরও দেখুন, সুনান বাইহাকী ২/৪০৮।

আর এটি সহীহ সনদে ১০৫২ (অনুবাদে ১০৪৬) এ গত হয়েছে, সেখানে পূর্ণ তাখরীজ দেখুন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ কারীমাহ্ বিনতু হাম্মাম (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81337

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন